

RBI/2015-16/442

FIDD.No.FSD.BC.28/05.10.007/2015-16

জুন 30, 2016

চেয়ারম্যান/ প্রাবন্ধিক নির্দেশক/মূখ্য কার্যনির্বাহী আধিকারিক
সকল তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক
(আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক ব্যতীত)
মহাশয়া/ মহাশয়,

শস্য বীমা যোজনার কার্যকারীতা অডিট

কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল কৃষিজাত শস্য বীমা যোজনার উপর একটি কার্যকারীতা নির্ণয় সংক্রান্ত অডিট কার্য সম্পাদন করছে যাতে সেইসকল কৃষক যাঁরা শস্য ক্ষতির সম্মুখীন হন তাঁদের সমস্যা হ্রাসে শস্য বীমার কার্যকারীতা পরীক্ষা করা যায়। অন্ধ্রপ্রদেশ, অসম, গুজরাট, হরিয়ানা, হিমাচল প্রদেশ, ওড়িশা, মহারাষ্ট্র, রাজস্থান এবং তেলেঙ্গানা রাজ্যগুলিতে সংশ্লিষ্ট রাজ্যের অফিস অফ দ্য প্রিন্সিপাল অ্যাকাউন্ট্যান্ট জেনারেল/ অ্যাকাউন্ট্যান্ট জেনারেল(অডিট)-এর সহায়তায় অডিটকার্যটি সম্পাদন করা হবে বলে প্রস্তাব করা করা হয়েছে।

2. এই কার্যকারীতা নির্ণায়ক অডিট কার্যটির মধ্যে অন্তর্ভুক্ত থাকবে কৃষি সহযোগীতা এবং কৃষক কল্যাণ বিভাগ, এগরিকালচার ইন্স্যুরেন্স কোম্পানি অফ ইন্ডিয়া লিমিটেড, রাজ্য কৃষি বিভাগ এবং অন্যান্য সংশ্লিষ্ট বিভাগের খতিয়ান। অধিকন্তু যেহেতু শস্য বীমা যোজনাসমূহ বিভিন্ন ব্যাঙ্ক, বীমা কোম্পানি, সমবায় প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে রূপায়িত হয়, এইসকল ব্যাঙ্ক/ বীমা কোম্পানি/ সমবায় প্রতিষ্ঠানের খতিয়ানও পরীক্ষা করা জরুরি যাতে এই বিষয়টি অনুধাবন করতে পারা যায় যে শস্য বীমা যোজনাসমূহ ফলপ্রদায়ী রূপে বাস্তবায়িত হয়েছিল কিনা ও তা যথাযথ উপভোক্তাগণকে সুযোগসুবিধা পৌঁছে দেবার লক্ষ্য পূরণ করতে পেরেছে কিনা।

3. উপরোক্ত বিষয়ের দিকে দৃষ্টি রেখে, আপনাকে সংশ্লিষ্ট রাজ্যের অফিস অফ দ্য প্রিন্সিপাল অ্যাকাউন্ট্যান্ট জেনারেল/ অ্যাকাউন্ট্যান্ট জেনারেল (অডিট) কর্তৃক নিয়োজিত অডিট দলকে আপনার শস্য বীমা যোজনা বিষয়ক খতিয়ান দেখাশোনা করার ব্যাপারে সহায়তা করতে জানান হচ্ছে।

আপনার বিশ্বস্ত

(উমা শঙ্কর)

মুখ্য মহা প্রবন্ধক